যুগান্তর

তারিখ ... 04 APR 2016 ...
পৃষ্ঠা ৭-৮ ... কলাম ৫ ......

### নর্থসাউথ ইউনিভার্সিটির গোলটেবিলে বক্তারা

# সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে সবাইকে এগিয়ে আসতে হবে

**যুগান্তর রিপোর্ট**

সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে সবাইকে এগিয়ে আসতে হবে। বাংলাদেশে ভিন দেশীদের থাবা পড়েছে। এদেশ সাইবার নিরাপত্তায় খুব বেশি সচেতন নয়, বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা তারই প্রমাণ। হ্যাকিং ঠেকাতে দেশেই তৈরি করতে হবে হার্ডওয়্যার ও সফটওয়্যার। আইটি সামগ্রী আমদানি করার ক্ষেত্রে নিশ্চিত করতে হবে নির্দিষ্ট পণ্যের মান। রোববার রাজধানীর বারিধারায় নর্থসাউথ ইউনিভার্সিটি আয়োজিত 'সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাইবার নিরাপত্তা' শীর্ষক গোলটেবিলে আলোচকরা এসব মন্তব্য করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এমএ কাশেম। বিশেষ অতিথি ছিলেন ভিসি অধ্যাপক আতিকুল ইসলাম। স্বাগত বক্তব্য দেন অধ্যাপক আবদুল আউয়াল এবং সাইবার নিরাপত্তা বিষয়ে প্রজেকশনের মাধ্যমে তথ্য-উপাত্ত তুলে ধরেন অধ্যাপক ড. হাফিজুর রহমান। বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি, ডিজিএফআই, এনএসআই, এসবি, সিআইডি এবং বিভিন্ন ব্যাংক ও বিশ্ববিদ্যালয়ের আইটি বিশেষজ্ঞরা এ গোলটেবিলে অংশ নেন।

সাইবার ক্রাইম আবারও ঘটতে পারে এমন আশংকা করে আলোচকরা বলেন, বাংলাদেশ ব্যাংকে হ্যাকিংয়ের ঘটনাই সাইবার আক্রমণের শেষ লক্ষ্য নয়। দেশে এ ধরনের আরও সাইবার আক্রমণের ঘটনা ঘটতে পারে। এ কারণে কঠোরভাবে সতর্ক হতে হবে সবাইকে। দেশের গুরুত্বপূর্ণ সংস্থা ও বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠানকে যথাযথ আইটি সিকিউরিটি নিশ্চিত করতে হবে। অনাকাঙ্ক্ষিতভাবে কোনো হ্যাকিংয়ের ঘটনা ঘটলে যেন সঠিকভাবে তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া যায়, সেজন্য আগে থেকেই ব্যবহৃত যন্ত্রাংশের লগইন ইনফরমেশনসহ বিভিন্ন ধরনের প্রামাণিক তথ্য-উপাত্ত দীর্ঘদিন ধরে সংরক্ষণের জন্য ব্যবস্থা করতে হবে প্রতিষ্ঠানগুলোকে। প্রধান অতিথির বক্তব্যে এমএ কাশেম বলেন, সরকারি-বেসরকারি সব ব্যাংকের অভিভাবক বাংলাদেশ ব্যাংক। তাই রাষ্ট্রের রিজার্ভ সংরক্ষণ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আরও বেশি সতর্ক হতে হবে। ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দু দিয়ে মহাসিন্ধু হয়। সম্প্রতি দেশে সুনামি আঘাত হেনেছে। আবার এ আঘাত আসতে পারে। আগামী প্রজন্মকে সচেতন করতে হবে। মুক্তিযুদ্ধে দেশকে রক্ষা করতে যেভাবে এগিয়েছিলাম সেভাবে এগিয়ে আসতে হবে। আজ বাংলাদেশ ব্যাংকে হয়েছে। ভবিষ্যতে অন্যান্য ব্যাংকে হতে পারে। এখনই আমাদের সতর্ক হতে হবে। সোনালী ব্যাংকের হলমার্ক কেলেংকারির ঘটনাকে ছাপিয়ে গেছে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায়।